ঝিনাইদহে নির্বাচন পরবর্তী সহিংসতা; হামলা-ভাংচুর ও লুটপাট, আহত ১৬

ঝিনাইদহে নির্বাচন পরবর্তী সহিংসতায় অর্ধশত বাড়িঘরে হামলা ও ভাংচুরের ঘটনা ঘটেছে। করা হয়েছে লুটপাট। এ ঘটনায় আহত হয়েছে নারীসহ অন্তত ১৬ জন।

আজ সোমবার (৮জানুয়ারি) সকালে সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের বারইখালী, হীরাডাঙ্গা ও সুরাপাড়া গ্রামে ও হরিণাকুণ্ডু উপজেলার গাড়াবাড়িয়া, শিতলী, বেড়বিন্নী ও চটকাবাড়ীয়াসহ বেশ কয়েকটি গ্রামে এঘটনা ঘটে। আহতদের ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানায়, রোববার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-২ আসনে স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল নির্বাচিত হন। ফলাফল ঘোষণার পর হরিণাকুণ্ডু উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে নৌকার সমর্থক ও ঈগল প্রতীকের সমর্থকদের মধ্যে সংঘাত বাধে এতে ঈগল প্রতীকের ৬জন সমর্থককে মেরে আহত করে। আহতদের রাতেই ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়। পরদিন সকালে সদরের ৩ টি গ্রামে উত্তেজনা দেখা দেয়।

এরই জের ধরে সোমবার সকালে মহুলের সমর্থক পোড়াহাটি ইউনিয়নের চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরনের অনুসারীরা পরাজিত নৌকা প্রতিকের প্রার্থী তাহজীব আলম সিদ্দিকী সমির সমর্থক জেলা যুবলীগের সদস্য ইব্রাহিম খলিল রাজার বাড়ীসহ তার অনুসারীদের বাড়ীতে হামলা চালায়। হামলাকারীরা বারইখালী, হীরাডাঙ্গা ও শুরাপাড়া গ্রামের অন্তত ৫০ টি বাড়িঘর ভাংচুর ও লুটপাট করে। বাঁধা দেওয়ায় তাদের হামলায় নারীসহ আহত হয় অন্তত ১০ জন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।এছাড়া হরিণাকুণ্ডুর তেতুলিয়া পাড়ায় ঈগলের সমর্থক চটকাবাড়ীয়া গ্রামের রনি নামে এক যুবককে ড্যাগার দিয়ে কুপিয়ে আহত করে সজিব নামে এক নৌকার সমর্থক। তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। হরিণাকুণ্ডু থানার ওসি ঘটনার সত্যতা নিশ্চিত করেছে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন বলেন, ৩ টি গ্রামে কয়েকটি

বাড়িঘর ভাংচুর করা হয়েছে। খবর পেয়ে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। ক্ষতিগ্রস্থদের পক্ষ থেকে অভিযোগ দিলে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহের ৩টিতে আওয়ামী লীগ ১ টিতে স্বতন্ত্র বিজয়ী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ ৪টি আসনের ৩টিতে আওয়ামী লীগের নৌকা এবং ১টি আসনে স্বতন্ত্র প্রার্থীর ঈগল প্রতীক বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছে।

ঝিনাইদহ-১ (শৈলকুপা) আসনে আওয়ামী লীগ মনোনীত আব্দুল হাই এমপি নৌকা প্রতীকে ৯৫হাজার ৬৭৪ ভোট পেয়ে বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছেন , তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নজরুল ইসলাম দুলাল স্বতন্ত্র ট্রাক প্রতীকে পেয়েছেন ৭৯হাজার ৭২৮ ভোট।

ঝিনাইদহ-২(ঝিনাইদহ-হরিণাকুণ্ডু) আসনে নাসের শাহরিয়ার জাহেদী মহুল স্বতন্ত্র ঈগল প্রতীকে ১লাখ ৩৭ হাজার ৫৮৭ ভোট পেয়ে বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ মনোনীত তাহজীব আলম সিদ্দিকী এমপি নৌকা প্রতীকে পেয়েছেন ১লাখ ১৫হাজার ১৫ ভোট।

ঝিনাইদহ-৩(মহেশপুর- কোটচাঁদপুর) আসনে আওয়ামী লীগ মনোনীত সালাহ উদ্দীন মিয়াজী নৌকা প্রতীকে ৮৩ হাজার ১৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী শফিকুল আজম চঞ্চল ট্রাক প্রতীকে পেয়েছেন ৬৪ হাজার ৯০৯ ভোট।

এছাড়া ঝিনাইদহ-৪ (কালীগঞ্জ- সদরের একাংশ) আসনে আওয়ামী লীগ মনোনীত আনোয়ারুল আজিম আনার নৌকা প্রতীকে ৯৬ হাজার ৫০৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ট্রাক প্রতীকের আব্দুর রশীদ খান পেয়েছেন ৫৭ হাজার ১০০ ভোট।

ঝিনাইদহের ৪ টি সংসদীয় আসনে ভোটগ্রহণ শেষে চলছে গণনা

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপুর্ণ ভাবে ভোটগ্রহণ শুরু হয়েছে। সকাল ৮ টায় জেলার ৪ টি সংসদীয় আসনের ৬ উপজেলার ৫৮৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শুরু হয়। সকাল থেকে তীব্র শীত উপেক্ষা ভোট দিতে আসছেন নানা বয়সী নারী-পুরষ। ভোটকেন্দ্রগুলোর বাইরেও যেন উৎসব চলছে। নিরাপত্তার চাদরে মোড়ানো ৪ টি আসনের প্রতিটি কেন্দ্রেই বেলার বাড়ার সাথে সাথে ভোটার উপস্থিতি বাড়ছে।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে। এর মধ্যে সেনাবাহিনীর যশোর ৫৫ পদাতিক ডিভিশনের ১৯ ইষ্ট বেঙ্গল ব্যাটালিয়নের ১৫ প্লাটুন, বিজিবি ৯ প্লাটুন, আনসার ব্যাটালিয়ন ৭ হাজার ২০ জন, পুলিশ ১ হাজার ৬ শ’৪ জন মোতায়েন করাসহ ও র্যাবের ৮টি ভ্রাম্যামাণ টিম দায়িত্বে রয়েছে।

এছাড়া ২৪ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটসহ ভ্রাম্যমাণ স্ট্রাইকিং ফোর্স কাজ করে করবেন বলে জানিয়েছেন জেলা রিটার্নিং অফিসার ও জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম ।

এবারের নির্বাচনে ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ২৬ জন প্রার্থী। নির্বাচনে ৫৮৫টি ভোটকেন্দ্রে ১৫ লাখ ১ হাজার ৪’শ ৮০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে পুরুষ ভোটার ৭ লাখ ৫৪ হাজার ৬৭০ জন, নারী ভোটার ৭ লাখ ৪৬ হাজার ৭৯৮ জন ও হিজড়া ভোটার রয়েছে ১২ জন।

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ চলছে

ঝিনাইদহের ৪টি সংসদীয় আসনে শান্তিপূর্ণ ভাবে ভোটগ্রহণ শুরু হয়েছে। সকাল ৮টায় জেলার ৪টি সংসদীয় আসনের ৬ উপজেলার ৫৮৫টি ভোটকেন্দ্রে ভোটগ্রহণ শুরু হয়। সকাল থেকে তীব্র শীত উপেক্ষা ভোট দিতে আসছেন নানা বয়সী নারী-পুরষ।

ভোটকেন্দ্রগুলোর বাইরেও যেন উৎসব চলছে।নিরাপত্তার চাদরে মোড়ানো ৪টি আসনের প্রতিটি কেন্দ্রেই বেলার বাড়ার সাথে সাথে ভোটার উপস্থিতি বাড়ছে।

এদিকে নির্বাচন অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে বিপুল সংখ্যক আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

এবারের নির্বাচনে ৪টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছেন মোট ২৬ জন প্রার্থী। নির্বাচনে ৫৮৫টি ভোটকেন্দ্রে ১৫ লাখ ১ হাজার ৪’শ ৮০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এর মধ্যে পুরুষ ভোটার ৭ লাখ ৫৪ হাজার ৬৭০ জন, নারী ভোটার ৭ লাখ ৪৬ হাজার ৭৯৮ জন ও হিজড়া ভোটার রয়েছে ১২ জন।

ঝিনাইদহে ট্রাক-ঈগলের চ্যালেঞ্জের মুখে নৌকা

প্রচার প্রচারণা শেষ হয়ে গেলেও ভোটার এখন নির্বাচনে পাশ ফেলের চুল চেরা বিশ্লেষন নিয়ে ব্যস্ত হয়ে পড়েছেন। শহরের রাজনীতিবিদ, সূধী সমাজ থেকে শুরু করে গ্রামের শ্রমিক কৃষিজীবী মেহনতি মানুষে মধ্যে বইছে এখন নির্বাচনী হাওয়া। আগামী ৭ জানুয়ারী কে পরবেন বিজয়ের মালা। বিএনপি-নির্বাচনে অংশ না নিলেও সামাজিক ভাবে তাদের

হরিণাকুন্ডুতে স্কুলছাত্রীকে ধ*র্ষ*ণের অভিযোগ

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ৯ বছর বয়সী এক স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে তার প্রতিবেশীর বিরুদ্ধে। গতকাল বুধবার রাতে শিশু শিশুটিকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

স্বজনরা জানায়, হরিণাকুন্ডু উপজেলার রূপদাহ গ্রামের ২য় শ্রেণীতে পড়ুয়া স্কুলছাত্রী বুধবার স্কুল থেকে বাড়ি ফিরছিলো। ফেরার পথে শিশুটিকে ফুসলিয়ে মাঠের মধ্যে নিয়ে যায় একই গ্রামের প্রতিবেশী রমজান। সেখানে শিশুটিকে ধর্ষণ করে। পরে মাঠ থেকে সবজি তুলে দিয়ে বাড়িতে পাঠিয়ে দেয়। নির্যাতনের বিষয়টি শিশুটি রাতে পরিবারের কাছে জানালে রাতেই তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

নির্যাতিতার পিতা বলেন, অভিযুক্ত রমজান এর আগেও এলাকায় একই ধরনের অপরাধ করেছে। তিনি খুবই খারাপ প্রকৃতির লোক। আমরা চাই তাকে দ্রুত গ্রেফতার করা হোক। আমরা তার কঠোর শাস্তির দাবি জানাচ্ছি।

হরিণাকুন্ডু থানার ওসি জিয়াউর রহমান বলেন, ৯ বছর বয়সী এক শিশু ধর্ষনের শিকার হয়েছে এমন খবর পেয়েছি। তবে পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ আসে নি। লিখিত অভিযোগ পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহ আইনশৃঙ্খলা অবনতির আশংকায় শহরের ২ টি স্থানে ১৪৪ ধারা জারি

ঝিনাইদহে নির্বাচনী সমাবেশকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশংকায় শহরের ২ টি স্থানে ১৪৪ ধারা জারি করেছে প্রশাসন।

আজ বৃহস্পতিবার সকালে জেলা ম্যাজিস্ট্রেট এস এম রফিকুল ইসলাম এ

আদেশ জারী করেন। এই আদেশে বলা হয় দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে স্বতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী ও একই সময় শহরের পানি উন্নয়ন বোর্ড মাঠে নৌকা প্রতীকের প্রার্থী তাহজীব আলম সিদ্দিকী এমপি জনসভার আয়োজন করে। এতে শহরের আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির আশংকা রয়েছে। তাই ওই দুটি স্থান ও এর পার্শবর্তী ৪০০ গজের মধ্যে সকল ধরনের সভা, সমাবেশ, মিটিং-মিছিল নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। এই আদেশ বেলা ১২ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশ জারি করার পর ওইসব স্থান থেকে জনসভা মঞ্চের সকল সরঞ্জাম খুলে নেওয়ার নির্দেশ দেয়।
বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট এস এম রফিকুল ইমলাম।

লাইসেন্স নবায়ন করাকে কেন্দ্র করে আন্দোলনে কোটচাঁদপুরের দলিল লেখক সমিতি

লাইসেন্স নবায়ন করাকে কেন্দ্র করে আন্দোলনে কোটচাঁদপুরের দলিল লেখক সমিতি। বন্ধ করেছেন দলিল লেখা। এতে করে বে-কায়দায় পড়েছেন জমি রেজিষ্ট্রি করতে আসা মানুষেরা।

গতকাল বুধবার থেকে এ আন্দোলন করছেন তারা। সমস্যা সমাধান না হওয়া পর্যন্ত এ আন্দোলন চলবে বলে জানিয়েছেন সমিতির সাধারণ সম্পাদক সন্তোষ কুমার পাল।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, দলিল লেখক প্রভাষ কুমার নন্দি। যার লাইসেন্স নাম্বার ১৫৫/১৭। এ লাইসেন্সে সে মহেশপুরে দলিল লেখক হিসেবে দলিল লিখতেন। হঠাৎ মটর সাইকেল দূর্ঘটনায় পা হারিয়ে পঙ্গুত্ব বরণ করেন সে ।

এরপর গেল ২০২২ সালের দিকে প্রভাষ লাইসেন্সটি স্থানান্তরের জন্য জেলা অফিসে আবেদন করেন। পরে তা যাচাই-বাছাই হয়ে কোটচাঁদপুর

অফিসে দলিল লেখার অনুমতি প্রদান করেন সংশ্লিষ্ট অফিস। এ বছর লাইসেন্স নবায়নের জন্য জেলা অফিসে আবেদন করেন প্রভাষ কুমার নন্দি।

বিষয়টি বুধবার সকালে জানতে পারেন সমিতির সদস্যরা। এরপর সমিতির নেতৃবৃন্দরা যান সাব-রেজিষ্ট্রি কর্মকর্তার নিকট। বিষয়টি অবহিত করেন। এরপর জমি রেজিষ্ট্রি বন্ধ করে দেন।

এ ব্যাপারে সমিতির সাধারণ সম্পাদক সন্তোষ কুমার পাল বলেন,সে পঙ্গু মানুষ হওয়ায় গেল এক বছর মানবিক ভাবে সহায়তা করে ছিলাম। তাঁর লাইসেন্স যেখানে সে ওইখানে গিয়ে কাজ করুক। তাতে আমাদের আপত্তি নাই।

সে মহেশপুরের দলিল লেখক হয়ে, এখানে লাইসেন্স নবায়ন করে কাজ করবে,সেটা হতে পারে না। যতদিন এ সমস্যার সমাধান না হবে আমরা ততদিন দলিল লেখা বন্ধ রাখবো।

জমি রেজিষ্ট্র করতে আসা ভুক্তভোগি মুনসুর আলী বলেন,সকালে এসেছি জমি রেজিষ্ট্রি করতে। তারা কাগজ পত্র টাকা পয়সা নেওয়ার পর এখন বলছে জমি রেজিষ্ট্রি হবে না। তবে কি কারনে হবে না,তা আমাদের বলছে না। এতে করে আমরা চরম ভোগান্তিতে পড়েছি।

ফাজিলপুর গ্রামের জমি ক্রেতা হোসেন আলী বলেন,রেজিষ্ট্রি করার সব প্রস্তুতি শেষ করে, এখন বলছে রেজিষ্ট্রি হবে না। কারন জানতে চাইলও তারা আমাদের বলছে না। আমরা এখন চরম বিপাকে পড়েছি।

দলিল লেখক প্রভাষ কুমার নন্দি বলেন,আমার লাইসেন্স নাম্বার ১৫৫/২০১৭। এ লাইসেন্সে আমি মহেশপুরে দলিল লেখতাম। দূর্ঘনায় আমি এক পা হারিয়ে যায়। আমি পঙ্গুত্ব বরণ করি। এরপর আমি লাইসেন্স স্থানান্তর করার জন্য,জেলা কর্মকর্তার বরাবর আবেদন করেছিলাম।

সে অনুযায়ী লাইসেন্সটি ওই বছরই পরিবর্তন হয়ে আসে। সে থেকে আমি কোটচাঁদপুর অফিসের আওতায় বৈধ্য লেখক। এখন তারা আমার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ তুলেছন। ইতোমধ্যে ওই লেখকরা আমার বিরুদ্ধে একটা মামলাও করেছেন।

কোটচাঁদপুর সাব-রেজিস্টার অফিসের সাব-রেজিস্টার (অতিরিক্ত) মেহেদী আল ইসলাম বলেন, প্রভাষ কুমার নন্দীর লাইসেন্সের অভিযোগে নিয়ে দলিল লেখকরা দলিল লেখা বন্ধ করে দিয়েছেন শুনেছি। তারা

বিষয়টি নিয়ে আমার কাছেও এসেছিল। অভিযোগ জানিয়েছেন।

তবে এটা বদলি বা পরিবর্তনের দায়িত্ব আমার না। আমার কাজ বছর শেষে যাদের লাইসেন্স আছে, তাদের লাইসেন্স রিনু করার সহায়তা করা। তাদের কাগজপত্র দেখে শুনে, জেলায় পাঠিয়ে দেয়া। জেলা কর্মকর্তা তা যাচাই-বাছাই করেন।

এরপর কার লাইসেন্স কোথায় যাবে। কোনটা থাকবে, কোনটা বাতিল হবে তা সেটা তিনি নির্ধারন করা। এখানে আমার কোন কাজ নাই।

তিনি বলেন, এরপরও আমি এখানে অতিরিক্ত দায়িত্বে রয়েছি। আমার কাজ জমি রেজিষ্ট্রি করা। এর জন্য উভয় পক্ষকে ডেকে বসবো। মেটানো সম্ভব হলে তা করবো।

এতে করে জমি রেজিষ্ট্রি করতে আসা মানুষেরা হয়রানি হচ্ছে কিনা,এমন প্রশ্নে তিনি বলেন,তা একটু হচ্ছে। তবে আজ এখনো কোন জমি রেজিষ্ট্রির জন্য জমা পড়েনি। তবে শুনেছি ১০ টি দলিল রেজিষ্ট্রির জন্য প্রস্তুত হয়েছে।

ঝিনাইদহে জাপা প্রার্থীদের নির্বাচনী প্রচারণা চলছে, অবাধ ও সুষ্ঠু নির্বাচনের আশা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের দিন যতই ঘনিয়ে আসছে ঝিনাইদহের ৪ টি আসনে নির্বাচনী প্রচারণা ততই বাড়ছে। আওয়ামী লীগ, সতন্ত্র প্রার্থীদের পাশাপাশি নির্বাচনী প্রচারণা জোরেসোরেই চালিয়ে যাচ্ছে জাতীয় পার্টির মনোনীত প্রার্থীরা। ৪ টি আসনেই তাদের প্রার্থীরা সকাল থেকে রাত অবধি ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছেন।

বুধবার সকালে ঝিনাইদহ ২ আসনের জাতীয় পার্টির প্রার্থী মাহফুজুর রহমান শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড এলাকায় গণসংযোগ করেন। সেসময় ভোটারদের মাঝে উন্নয়নের নানা প্রতিশ্রুতি দেন। আগামী ৭

জানুয়ারি লাঙ্গল মার্কায় ভোট প্রার্থনা করেন। এছাড়াও তিনি দিনভর ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলা তিনি নানা শ্রেণী পেশার মানুষের সাথে গণসংযোগ করেন।

সেসময় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ক্যাপ্টেন আব্দুর রহমান হিমেল, বাংলাদেশ ক্রিকেট বোর্ডের আম্পায়ার আলী পাটোয়ারী, বিশিষ্ট ব্যবসায়ী সাজ্জাদ রনি, বিপিএল’র ক্রিকেট খেলোয়াড় নিজাম উদ্দিন মানিকসহ জাতীয় পার্টির নেতাকর্মীরা।

ঝিনাইদহে পোলিং এজেন্টদের প্রশিক্ষণ প্রদান

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট গ্রহণের পোলিং এজেন্টদের প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। আজ বুধবার সকালে শহরের কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এ প্রশিক্ষণের আয়োজন করে জেলা নির্বাচন অফিস।

এতে জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম, জেলার সিনিয়র নির্বাচন কর্মকর্তা রোকনুজ্জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, সহকারী রিটার্নিং কর্মকর্তা মোঃ কামরুজ্জামানসহ অন্যান্যরা এজেন্টদের প্রশিক্ষণ প্রদাণ করেন।

জেলার ৪ টি আসনের ২৬ জন প্রার্থীর ১৩০ জন প্রধান এজেন্টকে নির্বাচনে ভোটগ্রহণে করণীয় নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করা হয়। শেষে নির্বাচন অবাধ ও সুষ্ঠু করতে পোলিং এজেন্টদের শপথ করান জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।